মুজিবনগরে শহিদ বুদ্ধিজীবী দিবসে স্মৃতিসৌধে পু্ষ্পস্তবক অর্পন ও আলোচনা সভা

মুজিবনগরে ১৪ই ডিসেম্বর শহিদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে স্মৃতিসৌধে পু্ষ্পস্তবক অর্পন ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। শহিদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে মঙ্গলবার সকালে মুজিবনগর স্মৃতি কমপ্লেক্স অবস্থিত, স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করে ১৪ ই ডিসেম্বর শহীদ বুদ্ধিজীবীদের প্রতি সম্মান প্রদর্শন করা হয়।

পুষ্পস্তবক অপন করেন উপজেলা প্রশাসনের পক্ষে উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকার ও মুজিবনগর থানার নবাগত ইনচার্জ (ওসি) মেহেদি রাসেল, উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও উপজেলা চেয়ারম্যান জিয়াউদ্দিন বিশ্বাস। বীর মুক্তিযোদ্ধাবৃন্দ,উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা মিরাজুল ইসলাম।

পরে মুজিবনগর উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা পরিষদ অডিটরিয়ামে এক আলোচনা সভার আয়োজন করা হয়।
মুজিবনগর উপজেলা নির্বাহি অফিসার সুজন সরকারের সভাপতিত্বে এবং উপজেলা সমাজসেবা কর্মকর্তা আব্দুর রব এর সঞ্চালনায় অতিথি হিসেবে উপস্থিত থেকে আলোচনা করেন, মুজিবনগর থানার নবাগত ইনচার্য (ওসি) মেহেদি রাসেল, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার একেএম মামুনুর রশিদ, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডাক্তার কাজী নজরুল ইসলাম উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা মিরাজুল ইসলাম উপজেলা ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লা উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান আফরোজা খাতুন।বীর মুক্তিযোদ্ধা আহসান আলী খাঁন,বীর মুক্তিযোদ্ধা লুৎফর রহমান।

মহান মুক্তিযুদ্ধে নিশ্চিত পরাজয় জানতে পেরে পাকিস্তানি দালাল রাজাকার, আলবদর, আলশামস, এর সহযোগিতায় পাকবাহিনী বাংলাদেশকে মেধাশূন্য করার জন্য কিভাবে নিশংসভাবে দেশের বুদ্ধিজীবীদের হত্যা করা হয়। সে বিষয়ের উপরে বিস্তারিত আলোচনা করেন আলোচকরা। সময় উপজেলার বীর মুক্তিযোদ্ধাবৃন্দ, উপজেলা প্রশাসনের কর্মকর্তা কর্মচারী বৃন্দ, সাংবাদিক শিক্ষকবৃন্দ, উপস্থিত ছিলেন।

গণতান্ত্রিক সমাজ ও রাষ্ট্র নির্মাণের মধ্য দিয়ে আমার বুদ্ধিজীবীদের স্বপ্ন পূরণ করতে চায়-সাবেক এমপি মাসুদ অরুন

সাবেক সংসদ সদস্য ও মেহেরপুর জেলা বিএনপির সভাপতি মাসুদ অরুন বলেন,একটি গণতান্ত্রিক সমাজ নির্মাণ, একটি গণতান্ত্রিক রাষ্ট্র নির্মাণের মাধ্যমে বুদ্ধিজীবীদের স্বপ্ন পূরণ করতে চায়। মানুষের ভোট ও ভাতের অধিকার, মানুষের সুষ্টভাবে বেঁচে থাকার অধিকার কে সামনে রেখে আমরা আজ শহীদ বুদ্ধিজীবীদের স্মরণ করছি।
তিনি আরো বলেন, স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী প্রাক্কালে আমরা যখন বলছি তখন আমাদের কণ্ঠ রুদ্ধ হয়ে গেছে, আমরা যখন দেখছি আমাদের গণতান্ত্রিক অধিকার লুণ্ঠন হয়ে গেছে, আমাদের ভোটের অধিকার হরণ হয়ে গেছে, শহীদ বুদ্ধিজীবীদের ইচ্ছা আজ লুণ্ঠন হয়ে গেছে ঠিক সেই মুহূর্তেই আমরা নতুন সংগ্রামের প্রেরণা নিয়ে আমরা শহীদ বুদ্ধিজীবীদের স্মরণ করছি।
মেহেরপুরে শহীদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে জেলা বিএনপি’র শ্রদ্ধাঞ্জলি, পদযাত্রা, ও পুষ্পস্তবক অর্পণ কর্মসূচির সময় তিনি এ কথা বলেন।
আজ মঙ্গলবার সকাল ১০ টার সময় জেলা বিএনপির প্রধান কার্যালয়ের সামনে থেকে পদযাত্রা শুরু করে মেহেরপুর জেলা পরিষদের স্মৃতিসৌধে গিয়ে বুদ্ধিজীবীদের পুষ্পস্তবক অর্পণ করা হয়।

মেহেরপুর জেলা বিএনপি’র সভাপতি ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন এর নেতৃত্বে, এসময় উপস্থিত ছিলেন, পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস, জেলা বিএনপির সিনিয়র সহ-সভাপতি জাভেদ মাসুদ মিল্টন, সাবেক সহ-সভাপতি আব্দুর রহমান, ইলিয়াস হোসেন, মুজিবনগর উপজেলা বিএনপি’র সভাপতি আমিরুল ইসলাম,সদর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম সহ জেলা বিএনপি ও সহযোগী সংগঠনের নেতা-কর্মীরা।

মেহেরপুর জেলা প্রশাসনের সাথে সাংবাদিকদের সাথে মতবিনিময় সভা

মহান বিজয় দিবস ও বিজয়ের সুবর্ণজয়ন্তী উদযাপনের প্রস্তুতি উপলক্ষে মেহেরপুর জেলা প্রশাসনের সাথে সাংবাদিকদের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল সোমবার সন্ধ্যায় মেহেরপুর জেলা প্রশাসনের সম্মেলন কক্ষে এ মতবিনিময় সভার আয়োজন করা হয়। মহান বিজয়ের সুবর্ণ জয়ন্তী উপলক্ষে বিভিন্ন কর্মসূচী বাস্তবায়ন করার লক্ষ্যে মেহেরপুরের সাংবাদিকদের সাথে মতবিনিময় করেন জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান।
এসময় স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক মৃধা মোঃ মুজাহিদুল ইসলাম, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট নাজমুল হুদা, অতিরিক্ত জেলা প্রশাসক লিংকন বিশ্বাস, সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মাহমুদুল হাসান, মাশতুরা আমিনা, মিথিলা দাস, নাহিদ হোসেন সহ মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সভাপতি তোযাম্মেল আজম, সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু, মেহেরপুর প্রেস ক্লাবের সভাপতি ফারুক হোসেন, সাধারণ সম্পাদক ফজলুল হক মন্টু সহ বিভিন্ন প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন।

মেহেরপুরে সড়ক দুর্ঘটনায় পাখি ভ্যান চালক নিহত

মেহেরপুর কাথুলী সড়কের পেট্রোল পাম্প সংলগ্ন এলকায় ট্রাকের ধাক্কায় তাহাজ উদ্দীন (৪৫) নামেক এক পাখি ভ্যান চালক নিহত হয়েছেন।

আজ মঙ্গলবার পৌনে ১২ টার দিকে এ দুর্ঘটনা ঘটে। নিহত তাহাজ উদ্দীনের বাড়ি মেহেরপুর পৌর এলাকার শেখ পাড়ার শুকুর উদ্দীনের

শেখের ছেলে।

স্থানীয়রা জানান, শ্যালো ইঞ্জিন চালিত একটি পাখি ভ্যান নিয়ে গলি সড়ক থেকে মেহেরপুর কাথুলী সড়কে উঠছিল। এসময় কাথুলী দিক থেকে বড়বাজার দিকে অভিমুখে ট্রাক যাচ্ছিল। এসময় ট্রাকের ধাক্কায় পাখি ভ্যান চালক তাহাজ উদ্দীন সড়কে লুটিয়ে পড়ে এবং ঘটনাস্থলেই মারা যায়।খবর পেয়ে মেহেরপুর সদর থানা পুলিশের একটি টিম ঘটনাস্থলে গিয়ে লাশ উদ্ধার মেহেরপুর জেনারেল হাসপাতালের মর্গে পাঠিয়েছে। এবং ট্রাকটি জব্দ করে ট্রাকের চালককে আটক করে থানায় নেওয়ার প্র্রক্রিয়া চালাচ্ছে।

সভাপতি হাবলু সাধারন সম্পাদক বকুল

চুয়াডাঙ্গা আন্তঃজেলা ট্রাক-ট্রাংকলরী শ্রমিক ইউনিয়নের ১৮৯৫/৬ দর্শনা শাখার শুভ উদ্বোধন করা হয়েছে। গতকাল সোমবার বিকাল সাড়ে ৪ টায় দর্শনা-মুজিবনগর সড়কের মাইক্রোষ্ট্যান্ড সংলগ্ন মটরশ্রমিক ইউনিয়নের দ্বীতল ভবনে এ শাখার উদ্বোধন করা হয়েছে। এসময় দর্শনা শাখার শুভ উদ্বোধন ও নবনির্বাচিত কমিটির অনুমোদন দেওয়া সহ একটি উপদেষ্টা কমিটি গঠন করা হয়েছে।
দর্শনা শাখা কার্যালয়ের সভাপতি ইসরাইল হোসেন (হাবু’র) সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় উপস্থিত থেকে আলোচনা করেন, চুয়াডাঙ্গা আন্তঃজেলা ট্রাক-ট্রাংকলরী ইউনিয়নের সভাপতি মুনতাজুর রহমান, সাধারন সম্পাদক মামুন অর রশিদ, যুগ্ন সম্পাদক মিজানুর আরেফিন টিটো, সাংগঠনিক সম্পাদক আনোয়ার হোসেন আনু, দর্শনা মটরশ্রমিক ইউনিয়নের সাবেক সাধারন সম্পাদক মজিবুল হক বকুল, সাবেক শ্রমিক নেতা মজিবর রহমান, মোবারক হোসেন, তাজু মিয়া, আব্বাস আলী, প্রমুখ। অনুমোদিত এ কমিটি পরবর্তী কমিটি গঠণ না হওয়া পর্যন্ত কার্যক্রম বলবৎ থাকবে।
আলোচনা শেষে চুয়াডাঙ্গা আন্তঃজেলা কমিটির সভাপতি ও সাধারন সম্পাদক স্বাক্ষরিত দর্শনা শাখার ১৭ সদস্য বিশিষ্ট একটি কমিটির অনুমোদন দেন। উক্ত কমিটির দর্শনা শাখার সভাপতি ইসরাইল হোসেন

(হাবু), সিনিয়র সভাপতি হুমায়ুন কবির, সহ-সভাপতি ফিরোজ আলী, সাধারন সম্পাদক মজিবুল হক (বকুল), যুগ্ন সম্পাদক সাঈদ হোসেন, সহ-সাধারন সম্পাদক রেজাউল ও রমজান, সাংগঠনিক সম্পাদক ফেরদৌস হোসেন, লাইন সম্পাদক শ্রী পার্থ প্রতিম শিকদার (রবি), প্রচার ও দপ্তর সম্পাদক সানোয়ার হোসেন, অর্থ সম্পাদক (কোষাধ্যক্ষ) খালেকুজ্জামান, কার্যকারী সদস্য শিপন, সাঈদ হোসেন, রিপন খান, মিলন, মারুফ হোসেন ও রায়হান।
এসময় একই সময় কমিটি মজিবর রহমান ড্রাইভারকে প্রধান উপদেষ্টা করে ৭ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়। কমিটির অন্য সদস্যরা মোবারক হোসেন (ড্রাইভার), তাজু মিয়া, আজিজুল হক, ইউনুস আলী, আমিরুল ইসলাম ও আব্বাস আলী।

শৈলকুপার আবাইপুর ইউপিতে নৌকা প্রার্থীকে বিজয়ী করার লক্ষ্যে বর্ধিত সভা

আগামী ৫ই জানুয়ারি ৫ম ধাপের অনুষ্ঠিত ইউনিয়ন পরিষদ নির্বাচনে ঝিনাইদহের শৈলকুপা উপজেলার ১১নং আবাইপুর ইউনিয়ন পরিষদ নির্বাচনে বাংলাদেশ আওয়ামী লীগ মনোনীত প্রার্থী বীর মুক্তিযোদ্ধা মুক্তার আহমেদ মৃধাকে বিজয়ী করার লক্ষ্যে বিশেষ বর্ধিত সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল সোমবার বিকালে হাটফাজিলপুর বাজারে ইউনিয়ন আওয়ামী লীগের আয়োজনে বর্ধিত সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে আবাইপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি আবুল কালাম আজাদের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ-১ শৈলকুপা আসনের সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা আব্দুল হাই এম.পি ।

এসময় প্রধান অতিথি এমপি বলেন, জননেত্রী শেখ হাসিনা বীর মুক্তিযোদ্ধা মুক্তার মৃধাকে নৌকা প্রতীক দিয়েছেন। নেত্রীর হাতকে শক্তিশালী করতে সবাইকে ঐক্যবদ্ধভাবে নৌকাকে বিজয়ী করার লক্ষ্যে কাজ করতে আহবান জানান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত

ছিলেন, জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক এম আব্দুল হাকিম আহমেদ, প্রচার সম্পাদক আসাদুজ্জামান, বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক এ্যাড. ইসমাইল হোসেন (পিপি), সাবেক উপজেলা চেয়ারম্যান অধ্যাপক আবেদ আলী, উপজেলা আওয়ামী লীগের আহবায়ক মতিয়ার রহমান বিশ্বাস, জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক শফিকুল ইসলাম শিমুল, উপজেলা যুবলীগের সভাপতি ও সাবেক ভাইস চেয়ারম্যান শামীম হোসেন মোল্লা, সাধারন সম্পাদক শামীমার রশীদ শামীম, উপজেলা ক্রীড়া সংস্থার সভাপতি ও উপজেলা আওয়ামী লীগের আহবায়ক কমিটির সদস্য শিকদার ওয়াহিদুজ্জামান ইকু, জেলা ছাত্রলীগের সাধারন সম্পাদক আব্দুল আওয়াল, সাংগঠনিক সম্পাদক সুরুজ আলী, উপজেলা ছাত্রলীগের সভাপতি দিনার বিশ্বাস, সাধারন সম্পাদক শাওন শিকদার প্রমুখ।

এছাড়া জেলা, উপজেলা ও আবাইপুর ইউনিয়ন ওয়ার্ড আওয়ামী লীগ, যুবলীগ, স্বেচ্ছাসেবক লীগ, ছাত্রলীগসহ অঙ্গসহযোগী সংগঠনের শত শত নেতাকর্মীরা উপস্থিত ছিলেন। উক্ত বর্ধিত সভা পরিচালনা করেন আবাইপুর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারন সম্পাদক খালেকুজ্জামান উকিল।

মুজিবনগরে স্ত্রীর মামলায় স্বামী আটক

মুজিবনগরে সিআর মামলার সাজাপ্রাপ্ত পালাতক আসামী সুমন আলীকে আটক করেছে পুলিশ।মঙ্গলবার দিবাগত রাত সাড়ে বারোটার দিকে তার নিজ বাড়ি থেকে তাকে আটক করা হয়।
সিআর মামলার সাজাপ্রাপ্ত পালাতক আসামী সুমন আলী মুজিবনগর উপজেলার মোনাখালী উত্তরপাড়ার সিরাজুল ইসলামের ছেলে।
মুজিবনগর থানা সূত্রে জানা গেছে, সুমন একজন সিআর ভূক্ত আসামী। দির্ঘদিন ধরে সে পালাতক রয়েছে।মঙ্গলবার দিবাগত রাত সাড়ে বারোটার দিকে মুজিবনগর থানার টহল টিম তাকে তার নিজ বাড়ির গরুর ফার্মে থেকে আটক করে।
এ সময় এসআই আরিফুল ইসলামসহ সঙ্গীয় ফোর্স উপস্থিত ছিলেন।
এদিকে মঙ্গলবার সকালে তাকে আদালতের মাধ্যেমে জেল হাজতে প্রেরন করা হবেও বলে জানান পুলিশ।

ঝিনাইদহে বাঘা বাঘা ৩৫ নেতা কর্মী আওয়ামিলীগ থেকে বহিস্কার

ঝিনাইদহ জেলা আওয়ামীলীগসহ বিভিন্ন অঙ্গ সংগঠনের বাঘা বাঘা ৩৫ প্রভাবশালী নেতাকে দলীয় প্রার্থীর বিপক্ষে ভোট করায় বহিস্কার করা হয়েছে। বহিস্কৃত নেতারা উপজেলা ও আঞ্চলিক রাজরীতির সঙ্গে জড়িত ছিলেন। দলীয় সিদ্ধান্ত ভঙ্গ করায় ঝিনাইদহ সদর উপজেলার ১৫টি ইউনিয়নের ৩৫ জনকে বহিষ্কার করা হয়।

দলের এক প্রেস বিজ্ঞপ্তিতে এ খবর জানান উপজেলা আওয়ামী লীগের সভাপতি অ্যাডঃ আঃ রশীদ। ঝিনাইদহ সদর উপজেলার ১৫টি ইউনিয়নে ৪র্থ ধাপে নির্বাচন অনুষ্ঠিত হবে। বহিস্কৃতদের মধ্যে অনেকেই তালিকাভুক্ত রাজাকার পরিবারের সন্তান রয়েছেন যারা আওয়ামীলীগের রাজনীতির সঙ্গে জড়িয়ে পড়েন।

দলের প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়, গত ৬ ডিসেম্বর ছিল মনোনয়ন প্রত্যাহারের শেষ দিন। দলীয় সতর্কতা ও নির্দেশ ভঙ্গ করে ১৫ ইউনিয়নে ৩৫ জন প্রার্থী তাদের প্রার্থীতা প্রত্যাহার না করায় তাদের বহিস্কার করা হয়।

বহিস্কৃতরা হলেন, ১ নং সাধুহাটি ইউনিয়নে ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক কাজী নাজির উদ্দিন, ২ নং মধুহাটিতে আলতাফ হোসেন, ফারুক হোসেন জুয়েল, তহুরুল ইসলাম, ৪ নং হলিধানী ইউনিয়নে এড এনামুল হক নিলু, ফাতিমা খাতুন, যুবলীগ নেতা নুর এ আলম বিপ্লব, হরুন অর রশিদ মিয়া, ৫ নং কুমড়াবাড়িয়া ইউনিয়নে সাহিদুর রহমান সন্টু, সিরাজুল করিম, ৬ নং গান্না ইউনিয়নে নাসির উদ্দিন মালিতা, ময়নাল হোসেন, ৭ নং মহারাজপুরে আবু বকর, খুরশিদ আলম, ৯ নং পোড়াহাটি ইউনিয়নে মোঃ আশরাফ আলী, মোঃ বদিউজ্জামান এ্যপো, ১০ নং হরিশংকরপুর ইউনিয়নে খন্দকার ফারুকুজ্জামান ফরিদ, ১১ নং পদ্মকর ইউনিয়নে বিকাশ বিশ্বাস, ১২ নং দোগাছি ইউনিয়নে আব্দুল মান্নান, গোলাম কিবরিয়া কাজল, জাহাঙ্গীর আলম শিবলী, ফয়েজুল্লাহ ফয়েজ, সিরাজুল ইসলাম, ১৩ নং ফুরসুন্ধি ইউনিয়নে আবু সাইদ শিকদার, ১৪ নং ঘোড়শাল ইউনিয়নে তিতাশ বিশ্বাস, জাহিদুল ইসলাম, ১৫ নং কালীচরণপুর

ইউনিয়নে এনামুল বিশ্বাস, কাইয়ুম হোসাইন, যুবলীগ নেতা জাহাঙ্গীর আলম, ১৭ নং নলডাঙ্গায় মোলায়েম খান, কবির হোসেন, রবিউল ইসলাম, সাইফুল আলম ও মোঃ রাকিবুল ইসলাম লিমন। সদর উপজেলা আওয়ামী লীগের সভাপতি অ্যাডঃ আঃ রশীদ বলেন, শেখ হাসিনা যাকে মনোনীত করেছেন আওয়ামী লীগের নেতাকর্মীরা তার পক্ষেই ভোট করবেন।

নির্বাচনে বিদ্রোহী প্রার্থী হওয়ায় দলীয় গঠনতন্ত্র অনুযায়ি ব্যবস্থা নেওয়া হয়েছে। অনেক নেতা আছেন যারা বিদ্রোহী প্রার্থীদের পক্ষে গোপনে কাজ করছেন।

তাদের সহায়তা করছেন। নৌকার প্রার্থীরা অভিযোগ দিলে আমরা বিদ্রোহী প্রার্থীর সহায়তাকারীর বিরুদ্ধেও সাংগঠনিক ব্যবস্থা নেব। কাউকে ছাড় দেওয়া হবে না।

মুজিবনগরে সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজে অভিভাবক সমাবেশ

“শিক্ষা নিয়ে গড়ব দেশ শেখ হাসিনার বাংলাদেশ”“একটাই লক্ষ হতে হবে দক্ষ” এই প্রতিপাদ্যকে সামনে রেখে মুজিবনগরে অনুষ্ঠিত হয়েছে অভিভাবক সমাবেশ।

সোমবার বেলা সাড়ে ১১ টার সময় মুজিবনগর সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ এর আয়োজনে স্কুলের সেমিনার কক্ষে এই সমাবেশ অনুষ্ঠিত হয়।

মুজিবনগর সরকারী টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ শামিমুল কবির এর সভাপতিত্বে অভিভাবক সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা নির্বাহি অফিসার সুজন সরকার।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার একেএম মামুনুর রশিদ, মুজিবনগর থানার অফিসার ইনচার্জ (তদন্ত) শরিফুল ইসলাম, বীর মুক্তিযোদ্ধা লুৎফর রহমান, মোনাখালী ইউপি চেয়ারম্যান মফিজুর রহমান, মুজিবনগর সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের

প্রধান শিক্ষক ইজারুল ইসলাম। উপস্থিত ছিলেন ইন্সট্রাক্টর (রসায়ন) নাজমুল হাসান, ইন্সট্রাক্টর (বাংলা) শামীম হোসেন, টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের শিক্ষক ও কর্মচারীবৃন্দ সহ স্কুল এন্ড কলেজের অধ্যায়নরত ছাত্র-ছাত্রীদের অভিভাবকবৃন্দ ও এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ।

মতবিনিময় সভায়, মুজিবনগরে সরকার কর্তৃক প্রতিষ্ঠিত কারিগরি শিক্ষা বোর্ডের অধীন, মুজিবনগর সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের ছাত্র-ছাত্রী ভর্তি, তাদেরকে হাতে-কলমে শিক্ষা দিয়ে দক্ষ জনশক্তি হিসাবে গড়ে তুলতে, সরকারের প্রচেষ্টাকে সহযোগিতা করার জন্য সবাইকে আহ্বান করা হয়।

মেহেরপুর কারাগারের ক্যান্টিনে লক্ষ লক্ষ টাকার বাণিজ্য

মেহেরপুর জেলা কারাগারের ভেতরের ক্যান্টিনে ৪ থেকে ৬ গুন বেশি দামে পণ্য বিক্রির অভিযোগ উঠেছে ক্যান্টিন ম্যানাজার কারারক্ষী শামিম হোসেনের বিরুদ্ধে। যার কারারক্ষী নাম্বার ৪২৯৮০। জানা গেছে, ক্যান্টিনে এসব মালামালে শতকরা ১২℅ মূল্য বেশি নেওয়ার কথা থাকলেও ক্যান্টিন ম্যানাজার শামীম হোসেন ৪ থেকে ৬ গুন বেশি দামে পণ্য বিক্রি করে থাকেন। আসামিদের পরিবার থেকে খাবার সামগ্রী বা শীতের পোশাক দিতে হলেও ১শ টাকা করে দিতে হয় শামীম হোসেনকে। না দিলে কাপড় ঢুকতে দেওয়া হয় না এমনই অভিযোগ আসামি ও তাদের স্বজনদের। আবার আসামিদের জন্য তার পরিবার থেকে পাঠানো টাকাও (পিসির টাকা) হাতিয়ে নেওয়ার অভিযোগ রয়েছে। টাকার বিষয়ে জোর করলে বলে রশিদ নিয়ে আস। কিন্তু টাকা জমা দেওয়ার রশিদ তো বাড়ির লোকজনের কাছে থাকে। এভাবে বিভিন্ন পথ অবলম্বল করে টাকা হাতিয়ে নেয় ।
বিভিন্ন মামলায় কারাবাস করে জামিনে বের হওয়া একাধিক আসামির সঙ্গে কথা বলে এ বিষয়ে বিস্তারিত তথ্য পাওয়া গেছে। তারা জানিয়েছেন, কারা কর্তৃপক্ষ ক্যান্টিন থেকে প্রতি মাসে লক্ষ লক্ষ টাকা আয় করে বন্দিদের কাছে অতিরিক্ত মূল্যে খাদ্যপণ্য বিক্রি করে। জেল সুপার

ও জেলার কে ম্যানেজ করেই গড়ে তুলেছে ক্যান্টিনের সিন্ডিকেট। কিন্তু প্রতিবাদ করার উপায় নেই। প্রতিবাদ করলেই হতে হয় নির্যাতনের শিকার।
নাম প্রকাশে অনিচ্ছুক একাধিক আসামির সাথে কথা বলে জানা গেছে কারাগারে গিয়ে সব খাবার সামগ্রী কয়েকগুন বেশি দামে ক্রয় করতে হয় তাদের ।
তবে কারাগারের বাইরে এসব ঘটনা সহসা প্রকাশ করে না কেউ। কারণ বেশির ভাগ হাজতির নামে একাধিক মামলা তাই বার বার যেতে হয় কারাগারে। আর কারাগারে গেলেই যেকোন উপায়ে তার কাছে মাদক রেখে চালাবে অমানবিক নির্যাতন। কারাগারের মধ্যে মানুষ নিরাপদ থাকার কথা থাকলেও অনেক অসহায়। বাহির থেকে কিছুই বোঝার উপায় নেই। কারাগারে খাবার দেওয়া হয় তবে তা মানসম্মত না। সপ্তাহে দুই দিন মাংস দেয় বাকী দিনগুলোতে মাছ। মাছ-মাংস শুধু নামেই, বাস্তবে দেখা যায় না। ছোট্ট এক টুকরো মাংস যা দেখলে মনে হয় লটপটি। আর বাকী দিনগুলোতে এক পিস পাঙ্গাস মাছ ভাজি তাও একবেলা। পাঙ্গাস মাছের পরিবর্তন হয়না। মনে হয় পাঙ্গাস মাছ ছাড়া আর কোন মাছ বাজারে পাওয়া যায় না।
আসামি রুবেল (ছদ্দনাম) বলেন, আমি যখন কারাগারে ছিলাম তখন আমার বাড়ি থেকে ১ কেজি ছাগলের গোশত ও ১ কেজি গরুর গোশত পাঠিয়েছিল। এই দুই কেজি গোশত শুধুমাত্র রান্না করা বাবদ ক্যান্টিন বিল দিতে হয়েছে ১ হাজার ৫শত টাকা। পরে টাকা না থাকায় ছাগলের গোশত দিয়ে দিতে হয়েছে ক্যান্টিন ম্যানেজারকে।
বাধ্য হয়ে অনেককেই খাবার কিনে খেতে হয়। এক কেজি ব্রয়লার মুরগির বতর্মান বাজার মূল্য দেড়শ টাকা হলেও কারাগারের ক্যান্টিনে এক কেজি ব্রয়লার মুরগি রান্না করে বিক্রি হয় ৪শ টাকায়।
গরুর মাংসের দাম রাখা হয় প্রতিকেজি ১২শ টাকা। কাঁচা মরিচ ৩শ টাকা কেজি, পেঁয়াজ ৩শ টাকা কেজি, রয়েল সিগারেট ১ প্যাকেট ৬০ টাকা, ডারবি সিগারেট ১ প্যাকেট ৫৫ টাকা, রয়েল সিগারেট ৬০ টাকা, এক প্যাকেট গোল্ডলীফ (ছোট) ১৫৫ টাকা, এক প্যাকেট গোল্ডলীফ (বড়) ২৫০ টাকা। গুল ১টা ২৫-৩০ টাকা, নাসির বিড়ি ১ প্যাকেট ২৫ টাকা, দুই টুকরা আলুসহ ১টি ডিম রান্না ৩০ টাকা, ৫০ গ্রাম চায়ের পাতির দাম ১’শ টাকা, স্পীড ৩৫ টাকা, ১শ গ্রাম ঝাল ও ১শ গ্রাম পেঁয়াজ ৬০ টাকা, অর্ধেক এর অর্ধেক গোশত যার ওজন ২০ গ্রাম হবে তার দাম ৫০ পঞ্চাশ টাকা, একপিস মাছ ৫০ টাকা। এছাড়াও কয়েদীদের বাড়ির লোকজন স্লিপে টাকা জমা করে গেলেও সে টাকা অধিকাংশ কয়েদির কাছে পৌঁছায় না যদিও পৌঁছায় তা জমা টাকার চেয়েও কম। জামিনে মুক্ত হলেও আলাদাভাবে কমপক্ষে ৫শত টাকা দিয়ে আসতে হয়।

এবিষয়ে জানতে ক্যান্টিন ম্যানাজার কারারক্ষী শামীম হোসেনের মুঠোফোনে যোগাযোগ করা হলে শামিম হোসেন কোন মন্তব্য করতে চাননি। তিনি বলেন আপনার কোন কথা আমার শোনার কোন দরকার নেই। আপনি জেল গেটে আসেন। আমার সাথে সরাসরি কথা বলতে। এবিষয়ে আপনাকে জানাতে হবে কেন। জানতে যদি হয় আমি আমার স্যারকে জানাবো। আপনি আমার স্যারের সাথে যোগাযোগ করেন। আমার সাথে যোগাযোগ করে কোন লাভ নেই। শামিম আরও বলেন আপনি আমার নাম্বার পেলেন কোথায়। এবিষয়ে আপনি আমাকে ফোন দিবেন না। ফোন দিলে আপনার নামে মামলা করে দেবো, আপনি আমাকে চেনেন না। আমি কোর্ট মোড়ে আছি আপনি পারলে এখানে আসেন না হয় হোটেল বাজার মোড়ে আসেন। আমি আসছি। হোটেল বাজার মোড়ে গিয়ে শামীম কে আবারও ফোন দিলে তিনি ফোন রিসিভ করেননি।
মেহেরপুর জেলা কারাগারের জেলার হাসনা জাহান বিথী জনান, মেহেরপুরে টাটকা সবজি ও তাজা মাছ পাওয়া যায়। সব সময়ই টাটকা খাবার দেওয়া হয়। তবে ক্যান্টিনের বিষয়টি খোঁজ খবর নিয়ে অবশ্যই ব্যবস্থা গ্রহন করবো।